

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
খুলনা অঞ্চল, খুলনা।
www.forest.khulnadiv.gov.bd

স্মারক নং: ২২.০১.০০০০.৪৫১.০৫.০০৫.২২.১১৫৪

তারিখ: ২৮/১১/২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (<http://bfdkc.teletalk.com.bd> অথবা <https://alljobs.teletalk.com.bd/bfdkc> ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হইবে না।

ক্র. নং	পদের নাম ও বেতনস্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের নাম	যোগ্যতা	যে জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন
০১	ফরেস্ট গার্ড (গ্রেড-১৭) ৯০০০-২১,৮০০	৪১ (একচল্লিশ)টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি. হতে হবে। গ) 'বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	খুলনা বিভাগ যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় খুলনা বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।
০২	অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০	৫ (পাঁচ) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সুস্বাস্থ্যের অধিকারী। গ) 'বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

- আবেদন শুরুর তারিখে (০১/১২/২০২২ খ্রি.) আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়স সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হইতে হইবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে যে সকল আবেদনকারীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রহিয়াছে সে সকল প্রার্থীও আবেদন করিতে পারিবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- অনলাইনে আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দেয়ার শুরুর তারিখ ও সময়: ০১/১২/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।
- অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়: ২২/১২/২০২২ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা।
- কোন সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারীকৃত সরকারি নির্দেশনা অনুসরণ করা হইবে।

৬. একই প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করিতে পারিবেন না। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৭. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নলিখিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

ঘ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।


ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারীকে আবেদনের সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

চ) সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের NOC/প্রত্যয়নপত্র।

৮. কর্তৃপক্ষ অনিবার্য কারণে যেকোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.forest.khulnadiv.gov.bd; <http://bfdkc.teletalk.com.bd> এবং <https://alljobs.teletalk.com.bd/bfdkc> ওয়েবসাইটে পাওয়া যাইবে।

১০. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.forest.khulnadiv.gov.bd এবং <http://bfdkc.teletalk.com.bd> ওয়েব সাইটের মাধ্যমে জানা যাইবে।



(নির্মল কুমার পাল)

বিভাগীয় বন কর্মকর্তা

ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি, খুলনা।

অনলাইনে আবেদনের নিয়মাবলী

ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে <https://alljobs.teletalk.com.bd/bfdkc> ও <http://bfdkc.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১/১২/২০২২, সকাল ১০.০০ টা।
- Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২২/১২/২০২২, বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।
- Online আবেদনপত্রে প্রার্থী তার রজ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।
- Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।
- প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
- SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাইবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করিয়া সংরক্ষণ করিবেন। Applicant's কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকিবে এবং USER ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১হতে ২ পর্যন্ত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না।

প্রথম SMS : BFDKC<space>USER ID লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।

Example: BFDKCABCDEF

Reply: Applicant's Name, TK 112/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type BFDKC<space> YES<space>PIN and Send to 16222

দ্বিতীয় SMS: BFDKC<space>YES<space>PIN লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।

Example: BFDKC YES 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BFDKC Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

- প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি <http://bfdkc.teletalk.com.bd> অথবা <http://www.forest.khulnadv.gov.bd> এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- USER ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রজ্জিন) করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

i) USER ID জানা থাকলে:

BFDKC<space>Help<space>USER<space>USER ID& Send to ১৬২২২ নম্বরে
Example: BFDKC Help USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে:

BFDKC<space>Help<space>PIN<space>PIN No& Send to ১৬২২২ নম্বরে।
Example: BFDKC Help PIN 12345678

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।


(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও <https://alljobs.teletalk.com.bd/bfdkc> এবং <http://bfdkc.teletalk.com.bd> অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <http://www.forest.khulnadiv.gov.bd> ওয়েবসাইট হইতে জানা যাইবে।



(ট) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিতে হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র দাখিল/প্রদর্শন করিতে হইবে। ত্রুটিপূর্ণ /অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঠ) Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। ইহা ছাড়াও vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহা ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ <https://www.facebook.com/alljobsbdTeletalk> এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে। (Mail এর Subject-এ Organization Name: BFDKC Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়া রেজিস্ট্রেশন সম্পন্ন করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।


(নির্মল কুমার পাল)
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি, খুলনা।